সরকার ডিজিটাল ভূমি ব্যবস্থাপনায় যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে : বিভাগীয় কমিশনার

চেম্বার ডেস্ক: সিলেটের বিভাগীয় কমিশনার খান মো. রেজা-উন-নবী বলেছেন, নতুন বাংলাদেশে মানুষকে সেবা দিতে হলে সুশাসন অপরিহার্য। তিনি বলেন, আধুনিক বাংলাদেশ বিনির্মাণের অন্যতম পাথেয় হচ্ছে জনবান্ধব ভূমিসেবা। ভূমিসেবাকে জনসাধারণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় ইতোমধ্যে ভূমিসেবাসমূহ অটোমেশনসহ নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে।তিনি বলেন, সরকার ডিজিটাল ভূমি ব্যবস্থাপনায় যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে।সরকারী নতুন অফিসারদের দক্ষতা বৃদ্ধি ও তাদেরকে ডিজিটাল এক্সপার্ট গড়ে তুলতে প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নিচ্ছে।

খান মো. রেজা-উন-নবী শনিবার (২৪ মে) বিকেলে তিন দিনব্যাপী দেশব্যাপী ভূমি মেলা-২০২৫ উপলক্ষে
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটের উদ্যোগে
বিভাগীয় পর্যায়ে ভূমি মেলা বাস্তবায়ন উপলক্ষ্যে আয়োজিত এক প্রেস কনফারেন্সে লিখিত বক্তব্যে এসব কথা বলেন।”নিয়মিত ভূমি উন্নয়ন কর প্রদান করি, নিজের জমি সুরক্ষিত রাখি” শ্লোগানকে ধারণ করে সিলেট সার্কিট হাউজে অনুষ্ঠিত প্রেস কনফারেন্সে মেলার সার্বিক বিষয়ে বিভাগীয় কমিশনার বক্তব্য রাখেন। এসময় উপস্থিত ছিলেন সিলেটের অতিরিক্ত বিভাগীয় কমিশনার দেবজিত সিংহ, সিলেটের জেলা প্রশাসক মোহাম্মদ শের মাহবুব মুরাদ, সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) হোসাইন আল জুনায়েদ, সিলেট সদর উপজেলা নির্বাহী অফিসার খুশনুর রুবাইয়াত ও প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড ও ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের সহযোগিতায় ২৫-২৭মে পর্যন্ত ভূমি মেলা অনুষ্ঠিত হবে।

প্রেস কনফারেন্সে বলা হয়, ভূমি ব্যবস্থাপনাকে আধুনিক, স্বচ্ছ ও জনবান্ধব করতে ভূমি মন্ত্রণালয় নানা রকম ডিজিটাল উদ্যোগ বাস্তবায়ন করছে। এরই অংশ হিসেবে আগামী ২৫ থেকে ২৭ মে ২০২৫ পর্যন্ত সিলেট বিভাগে ভূমি মেলা-২০২৫ আয়োজন করা হচ্ছে। কবি

[illegible]

[illegible]

[illegible] www.land.gov.bd [illegible]

[illegible] ([illegible]) [illegible]

[illegible]

[illegible]

[illegible]

ডিজিটাল রূপান্তর ও জনবান্ধব সেবা প্রদানের উদ্যোগ বাংলাদেশের ভূমি ব্যবস্থাপনাকে একটি নতুন উচ্চতায় নিয়ে যাবে বলে আশা করা যায়।

প্রেস কনফারেন্সে সিলেট প্রেসক্লাব সভাপতি ইকরামুল কবির, সিলেট অনলাইন প্রেসক্লাব সভাপতি গোলজার আহমদ হেলাল,দৈনিক প্রভাতবেলা সম্পাদক কবির আহমদ সোহেল সহ স্থানীয় প্রিন্ট,ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।